OIKYOTAN

THE TRUE ESSENCE OF BENGALI CULTURE

Presents

Arghya

Souvenir

2025

Our Motto This Year:

" Celebrating with Cancer Warriors -

Together in Strength, Together in Hope."

Best compliments from

Ankush Kapoor

Founder and CEO,

PharmNXT BIOTECH Pvt Ltd.

Best compliments

from

Europa Healthcare Ltd.

From the desk of President,

OIKYOTAN Trust Committee 2025

Dear Friends,

It is great pleasure for me to share that by the Grace of Ma Durga and support of all well-wishers like you, we could complete our journey of past 13 years very satisfactorily. This year due to non-availability of BMC ground where we had been performing our Durga Puja, the major event of the Trust for past couple of years, we are up against a challenge to accommodate our budget for a costly private yard. Despite this challenge, spirit of our Members are very high. With your support and Ma's blessings this year also, we surely will be able to produce a wonderful platform to rekindle our cultural and religious heritage.

Oikyotan Trust in addition to creating platform to keep our traditional culture alive, always endeavor to support the economically deprived section of society. I would like to share that our drive for this year is to help Cancer warriors, providing school bags to children who are studying despite

being affected by cancer, sponsoring orphan kids at a Bandra Home, providing them lunch on a special day and sponsoring full year's cost on education of two kids. We are determined to continue with our philanthropic activities and further improve the scale of activities.

We are grateful to all of you for your kind donation and sponsoring our Trust's activities. The trust shown by you is our great inspiration and strength. We pray to Ma Durga to bless you successes in all your endeavors.

Starting from 28th September up to 1st October our Durga Puja venue at SCN Tennis ground, Thakur Complex, Kandivali East will be packed with religious and cultural programs both in the morning and evening hours. We invite you all to please join us and bask in the blissful environment. We will look forward for your valuable participation.

With best regards.

Amitava Kaviraj

Date: 16.09.2025

Oikyotan Club Trustees

Amitava Kaviraj - President

Sanjay Ghoshal - Vice President

Debabrata Ghosh - Vice President

Abhijit Banerjee - General Secretary

Amit Sanyal - Treasurer

Sisir Guha - Trustee

Siladitya Chaudhury - Trustee

Saugata Ghosh - Trustee

Uday Shetty - Trustee

Best Compliments From

Garden®
VARELI

Best Compliments From

श्री Laxmipati® SAREES

AN OEKO-TEX® CERTIFIED FABRIC

From the desk of President,

Puja Committee 2025

Invoking the blessings of Mother Durga, we pray that she showers her grace on every member of the Oikyotan family. For over a decade, Oikyotan has been organising Durga Puja with devotion, grandeur, and a spirit of togetherness. My heartfelt thanks to the trustees and members whose tireless efforts make this annual celebration so memorable.

Oikyotan today stands as one of the most well-organised and welcoming Pujas of Thakur Complex, Kandivali East, where people from all walks of life feel at home. The quality of the members — their etiquette, gracious behaviour, and warm, welcoming nature — has truly set Oikyotan apart. It is not just a celebration, but an experience of community, culture, and belonging.

Each year, the Puja transforms into a cultural festival, with the stage coming alive through energetic dance performances, melodious singing, and soulful recitals.The much-awaited fashion parade adds colour, elegance, and joy, reflecting the creativity

and enthusiasm of our members, young and old. These events showcase not only talent, but also the unity and cultural richness of our community.

The grandeur of the Puja is reflected in the beautifully adorned pandal, the rhythmic beats of the dhak, the fragrance of incense and shiuli flowers, and the vibrant evenings filled with music, dance, and laughter. The ambience elevates our spirits and brings us closer — both to Maa Durga and to one another.

Oikyotan is not just an organisation — it is a family. Durga Puja is the time when this family bond shines brightest, reminding us of the joy of togetherness, the pride in our heritage, and the blessings of our beloved Maa.

With my warmest wishes, I look forward to a grand, vibrant, and eventful Puja this year — filled with devotion, dazzling performances, and unforgettable memories for the entire Oikyotan family.

Subho Sharodiya!

Sandeep Majumdar

পুজো কমিটির সেক্রেটারির কলমে

আমাদের ঐকতান গোষ্ঠী যতই ছোট হোক না কেন, উৎসাহ ও উদ্দীপনায় এতটুকু ঘাটতি নেই তার। তাই এই উৎসাহ ও উদ্দীপনাকে পাথেয় করে প্রতিবারের মত এবারেও আমরা মাতৃ আরাধনায় ব্রতী হয়েছি।

দুর্গাপুজো উপলক্ষ্যে যে প্রাথমিক আলোচনা শুরু হয়, সেখানে নিত্য নতুন প্রস্তাব আসতে থাকে, যার সবটা হয়ত আয়োজকদের পক্ষে পূর্ণাঙ্গ রূপ দেওয়া সম্ভব হয়ে ওঠে না। কিন্তু সর্বস্তরের সদস্য ও সদস্যাদের ঐকান্তিক প্রচেষ্টা এবং আন্তরিকতায় তা অনায়াসেই পরিপূর্ণতা পায়। এজন্য ধন্যবাদ ও প্রশংসা সবারই প্রাপ্য।

প্রতিবারের মতো এবারেও বিশেষ আকর্ষণ সাংস্কৃতিক অনুষ্ঠান। দুর্গাপূজাকে কেন্দ্র করে নানা ধরনের শৈল্পিক কর্মকান্ড চলে এবং সামগ্রিক-ভাবে এক উৎসবের আবহ সৃষ্টি হয়। তাই এই পুজোকে "দুর্গোৎসব" বলা হয়।

সারা বছরের প্রচন্ড কর্ম ব্যস্ততার মাঝেও আমরা এই উৎসবের দিনগুলির জন্য অধীর আগ্রহে অপেক্ষায় থাকি এবং বিসর্জনের বাজনার তালে গলা মিলিয়ে বলি, "আসছে বছর আবার হবে, বছর বছর আবার হবে।"

পরিশেষে সবাইকে আরও একবার আন্তরিক ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানিয়ে এখানেই শেষ করলাম।

শুভেচ্ছা সহ

শিলাদিত্য চৌধুরী

Oikyotan Pujo Committee 2025

President:
Sandeep Majumdar

Secretary:
Siladitya Chaudhuri

Joint Secretary:
Saugata Ghosh

Treasurer:
Amit Sanyal

Joint Treasurer :
Hitendra Ash

Sub committees

Coordination Committee :

Saugata Ghosh, Sanjay Ghoshal, Abhijit Banerjee

Maa Durga Agamani / Visarjan Committee:

Sisir Guha, Nirmalya Malakar, Mrityunjay Pandey, Satya Saran Mandal

Pandal and Decoration Committee:

Uday Shetty, Sujit Guin, Sekhar Devdas, Meghna Shetty, Aditi Ghosh

Permission Committee:

Preeti Pandey, Mrityunjay Pandey, Hitendra Ash

Pujo Committee:

Banani Kaviraj , Sharmila Ghosh, Shikha Naskar, Krishna Nabajja, Shailesh Nabajja and the ladies group

Front Desk and Collection:

Reena Guha

Bhog Commitee :

Siladitya Chaudhury, Abhijit Chakraborty, Bijayesh Ghosh

Sub committees

Cultural Committee :

Sudeshna Ghoshal, Preeti Pandey, Anuradha Majumdar, Moon Devdas, Debashree Malakar

Anandomela Committee;

Sudeshna Ghoshal, Meghna Shetty, Sumit Saha, Debasree Malakar

Publicity & Digital Marketing Committee:

Debjani Basu Mullick, Dipannita Banerjee , Abhik Goswami, Alankrita Ghosh, Anurag Ghosh, Srinjay Ghoshal, Akshiti Banerjee, Shaunak Ghosh

Social Work Committee:

Sharmila Ghosh, Aditi Ghosh, Preeti Pandey, Debjani Basu Mullick, Banani Kaviraj, Meghna Shetty, Sudeshna Ghoshal

Souvenir Committee:

Debjani Basu Mullick, Somashree Chatterjee, Sumit Saha

With Best Compliments

SENCO

With Best Compliments

Work desk

Bengali Editorial
Debjani Basu Mullick

English Editorial
Sumit Saha

Digital Setting and Designing
Digital Diaries

Correspondence
Saugata Ghosh
Hitendra Ash

Photography Courtesy
Waghela Prashant J and members of Oikyotan

Photography Compilation
Debjani Basu Mullick

Editing, Planning & Compilation
Somashree Chatterjee
Sumit Saha
Debjani Basu Mullick

Presented by : Oikyotan

সূচিপত্র / Index

	Page No.
সম্পাদকীয়	24
A note from the Editor	25
বয়োজ্যেষ্ঠদের কলমে	27
আমার দেখা দুর্গোৎসব রমা মজুমদার	30
সে বনানী কবিরাজ	34
নতুন প্রজন্মের তুলিতে ও কলমে	36
Painting 1 Nidhi Malakar	40
Painting 2 Diya Malakar	41
Operation Potluck Hitoisha Ash	42
Painting 3 Atikssh Mandal	47
Painting 4 Yashveer Pandey	48
The Irony of Life Rishita Guha	49
Painting 5 Samiya Banerjee	50
Painting 6 Zoe Bhattacharya	51

Page No.

পাঁচমিশালী : 54

পুজোর গন্ধ ..... aroma of festivities: 55

মায়ের পুজো 59
বিজয়েশ ঘোষ

ছোটবেলার দুর্গা পুজো 61
শর্মিষ্ঠা পুরকায়স্থ

Where The Heart Belongs:
Durga Puja of My Early Years 63
Soumi Chakravarty

দুর্গা পূজা ও সার্বজনীন সামাজিক অংশগ্রহণ 68
অনুকণা চক্রবর্তী

Ma Durga In Gen-Z Times 70
Moon Devdas

জ্ঞানের আলোয় ..... light of consciousness 74

The Mother Who Awakens Us 78
Pragnya Acharya

Shakti Peeth Temples 81
- A Sacred Network of the Divine Feminine
Anuradha Majumdar

জন্মশতবর্ষে বাদল সরকার 89
অভীক গোস্বামী

Bong Dilemma in Platter 96
Sumit Saha

Page No.

ছবিঘর... Kaleidoscope 104

Painting 1 108
Sudeepta Mandal

Painting 2 109
Abhik Goswami

Painting 3 110
Moon Devdas

Painting 4 111
Munmun Pal

মনের আয়না ..... mind reflections 115

তিনটি তারের কথা 119
অর্পিতা সাহা

ইচ্ছে ডানা 123
পত্রালী চৌধুরী

এই আকাশে আমার মুক্তি 126
সোমাশ্রী চ্যাটার্জ্জী

বাংলার হেঁসেল থেকে 130

রুই কমলা 133
শর্মিলা ব্যানার্জী

মুড়ি ঘন্ট 135
দেবশ্রী মালাকার

Social Work 139

With best compliments

Embeê

Growth Catalyst

With Best Compliments

Shree Durga Syntex Pvt.Ltd.

Growth Is Our Way

সম্পাদকীয়

দেবযানী বসু মল্লিক

বাঙালির অপেক্ষার অবসান- মা আসছেন। প্রতি বছরের মত এই বছরও ঐকতান ক্লাবে চলছে শেষ মুহূর্তের প্রস্তুতি। ঐকতান পরিবারের সদস্যদের উত্তেজনা এখন তুঙ্গে। নিজেদের দায়িত্ব যথাযথ ভাবে পালন করার জন্য সকলেই কাজ করে চলেছে। নিজেদের সব রকম কাজের মাঝে সময় করে অফুরান উদ্দীপনা নিয়ে করে চলেছে পুজোর নানা আয়োজন।

এই বছর ঐকতান পরিবার পালন করছে চতুর্দশ দুর্গোৎসব আর প্রকাশিত হবে **e-magazine** অর্ঘ্য র চতুর্থ সংখ্যা। সদস্যদের নানা ধরণের লেখা- সে ছোটবেলার পুজোর অভিজ্ঞতা অথবা রন্ধন প্রণালী, তুলির ছোঁয়ায় নানা ধরণের ছবি, সব মিলিয়ে জমজমাট এবারের শারদীয়া পত্রিকা। মনের কথা, নানা অভিজ্ঞতা, ভাবনা সব মিলিয়ে এক নতুন রঙে সেজেছে এই অর্ঘ্য। তিন প্রজন্মের ছোঁয়ায় নির্মিত এই অর্ঘ্য নিবেদিত হল মায়ের চরণে।

" ঐকতান-এর পুজো, আমার পুজো, সবার পুজো " - এই কথা মনে রেখে সকলে মিলে আনন্দে, হুল্লোড়ে একসাথে কাটবে পুজোর দিনগুলো।

শুভ শারদীয়া!

Editorial

Sumit Saha

Durga Puja is not just a metaphor of 'good winning over evil' – for Bengali community, it's a celebration of Art, Culture, Creativity, Innovation and sometimes a 'nudge' to be more conscious about pressing social, geopolitical and technological spheres of humanity. So, its aura goes beyond 'Bengali community' to be more universal in appeal. That's how it's one of the cynosures in the global cultural domain.

This year is 14th year of Durga Puja celebration for OIKYOTAN. The countdown has started with full swing and it's inspirational to see how members of OIKYOTAN are shuttling between work and their respective event-preparation. Cooperation—Coordination—Co-creations are in action at its best!!

We thank all the organizing committees and all the members for their passionate contributions. We thank all the sponsors for their generous contributions to help us achieve this phenomenal emotion – Durga Puja!!!

মহালয়া , 21st September, 2025

খুঁটি পুজো

প্রভাতী আড্ডা

বয়োজ্যেষ্ঠদের কলমে

Best compliments

from

Surgipharm Uganda Ltd.

Surgipharm

With Best Compliments

ZURICH kotak
General Insurance

"Always by your side. Keeping you safe"

আমার দেখা দুর্গোৎসব

রমা মজুমদার

বাঙ্গালীদের সর্বশ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো সকলেরই মনে অনেকটা জায়গা জুড়ে থাকে। তাই আমারও আজ ছোটবেলা থেকে এই বৃদ্ধ বয়স পর্যন্ত পুজোর অনেক কথাই মনে পড়ছে। ছোটবেলা কেটেছে সালকিয়া হাওড়ায়। মহালয়ার পর থেকেই আমরা বোনেরা দিন গুণতাম। নতুন জামা, জুতো সবকিছু মিলে এক অন্য রকম আনন্দ, উৎসাহ ও উত্তেজনা।

কলকাতার ভীড়ের জন্য, সন্ধ্যাবেলার বদলে আমরা একদিন সারা রাত ঠাকুর দর্শন করতে যেতাম । মামারা, মা ও আমাদের ভাই-বোনেদের নিয়ে একসঙ্গে ঠাকুর দেখতে যেতেন। বাড়ি ফিরতে ভোর হয়ে যেত। বাবা আমাদের নিয়ে গঙ্গা পেরিয়ে আহিরীটোলা, কুমারটুলি, শোভাবাজারে ঠাকুর দেখতে নিয়ে যেতেন । এই সব প্রায় ষাট বছর আগের কথা - তখন এখনকার মতো এত জাঁকজমক ও আড়ম্বর ছিল না। সপ্তমীর দিন সকাল বেলা মা স্নান করে দরজার উপর সিঁদুর ও চন্দনের ফোঁটা দিতেন। সকাল থেকে ঢাকের আওয়াজে মায়ের আগমন বার্তায় আকাশ বাতাস মুখরিত হয়ে উঠত। ঠাকুরমা পাড়ার পুজোর জোগাড় করতে যেতেন। পাড়ার পুজোতে নানা রকম প্রতিযোগিতা হত। সাংস্কৃতিক অনুষ্ঠানও হত তবে

সে সব দেখতে যাবার সুযোগ আমাদের হতো না। দশমীর দিন মা অন্যান্য খাবারের সঙ্গে সিদ্ধি রাখতেন। শিলে বেটে একটা সরবত তৈরি করতেন, যেটা আমাদের মামারা এবং কাকারা খুব পছন্দ করতেন। পুজোর পর একটা ক্লাব জলসার আয়োজন করত। সেই জলসায় সন্ধ্যা মুখোপাধ্যায়, হেমন্ত মুখোপাধ্যায়, সতীনাথ মুখোপাধ্যায়, মানবেন্দ্র মুখোপাধ্যায়, শ্যামল মিত্র,উৎপলা সেন, আরতী মুখোপাধ্যায় ইত্যাদি বিভিন্ন শিল্পীদের দেখার এবং গান শোনার সুযোগ পেতাম।

তারপর বিয়ের পর নাগপুরে এলাম। আমাদের ছিল খুব বড় যৌথ পরিবার। পুজোটাও খুব হৈ হৈ করে কাটানো হতো। আমাদের পরিবার থেকে দুএকদিন ভোগ স্পন্সর করা হতো। বাংলা স্কুলের পুজো নাগপুরের সবথেকে পুরানো পুজো। স্কুলের সংলগ্ন ফুটবল খেলার মাঠে একটা প্রদর্শনী হতো। সেখানে কৃষ্ণনগরের মাটির পুতুল, গহনা, জামাকাপড় নানারকমের জিনিস আসতো পশ্চিমবঙ্গ, জয়পুর ও বিভিন্ন জায়গা থেকে। সেখানে ফুচকা, চাট, এমনকি পাঁপড় ভাজাও বাদ যেত না। আমার প্রধান আকর্ষণ ছিল কৃষ্ণনগরের মাটির পুতুল। আমাদের বসার ঘরের কাঁচের আলমারিতে প্রতিবছরই তাদের একটি করে নতুন সংযোজন হতো।

ঐ পুজোতে সাংস্কৃতিক অনুষ্ঠানও খুব ভালো হতো। অর্কেস্ট্রা এবং গানের প্রাধান্য ছিল। বাংলা স্কুলে বাংলা সাহিত্যের সেরা উপন্যাস ও গল্প অবলম্বনে নাটক মঞ্চস্থ হতো। শরৎচন্দ্রের

বিন্দুর ছেলে, বিরাজ বৌ, মেজ দিদি, রামের সুমতি - এই সব নাটকের কথা আজও মনে পড়ে। কখনও আবার রবীন্দ্রনাথের ছোটগল্পও মঞ্চস্থ হত। প্রদর্শনীর শেষে রাত একটার পর নাটক শুরু হতো। নাগপুরের অন্যান্য পুজোতে অর্কেস্ট্রা, গান, নৃত্যনাট্য ইত্যাদি পরিবেশন করা হত।

তারপর মুম্বাইতে পুজো দেখা। আমাদের ঐকতান- এর দুর্গা পুজো, বাড়ির পুজো তদ্রূপ। যেন একটা বড় যৌথ পরিবারের পুজো, সকাল সন্ধ্যা ঐকতান ক্লাবের পূজা প্রাঙ্গণেই সবাই সমবেত হয়। পঞ্চমীর দিন আনন্দমেলা, ষষ্ঠীর দিন সন্ধ্যা থেকে প্রতিদিন বিভিন্ন প্রকারের সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। ঐকতান-এর সদস্যদের মধ্যে অনেক প্রতিভাশালী গায়ক গায়িকা এবং নৃত্যশিল্পী আছে। সবার মধ্যে এত আন্তরিকতা এর আগে দেখিনি । আয়োজকরা মাসের পর মাস অনেক পরিশ্রম করে এই পুজো সাফল্যমন্ডিত করেছে। ফ্যাশন শো, অর্কেষ্ট্রা, আবৃত্তি ইত্যাদি নানা রকমের অনুষ্ঠান অতি সুষ্ঠভাবে সম্পন্ন হয়। দুপুরে পুজো এবং অঞ্জলির পর সকলে খুব শান্ত এবং সুষ্ঠভাবে মায়ের প্রসাদ গ্রহণ করে। দশমীর দিন সিঁদুর খেলা আর মায়ের বিসর্জন। তারপর সন্ধ্যায় বিজয়া সম্মিলনী।

ঐকতান-এর সদস্যরা সারা বছর কিছু অনুষ্ঠান যেমন নববর্ষ, রবীন্দ্রজয়ন্তী, বর্ষা উৎসব ও বসন্ত উৎসব পালন করে থাকে। আমি এখন একজন অশীতিপর বৃদ্ধা তাই পিছনে ফেলে আসা দিনগুলির স্মৃতি মন্থন করে কিছু স্মরণীয় ঘটনা উল্লেখ করার প্রয়াস করলাম। মায়ের আরাধনা এবং ভক্তি হলো প্রধান উদ্দেশ্য। এই আরাধনার মাধ্যমে আমরা একত্রিত হয়ে আনন্দ করি এবং মাকে শ্রদ্ধা ভক্তি জ্ঞাপন করার চেষ্টা করি। মায়ের চরণে শত কোটি প্রণাম।

"সে"

বনানী কবিরাজ

আমি ভীষণ রোমান্টিক। আমার রোমান্স ফুল, পাখি, গাছপালার সঙ্গে; আমার রোমান্স ঝরা বকুল আর ভোরের শিশিরের সঙ্গে। মন্দিরের মঙ্গলারতি, অবিশ্রান্ত বৃষ্টি, নদীর কলতান আর চাঁদনি রাত আমার রোমান্সের সঙ্গী।

কিন্তু সবার সঙ্গে মিশে আছে 'সে', সেই 'সে' যাকে আমি দেখিনি, চিনি না, হতে পারে 'সে' মানব কিংবা ঈশ্বর কিন্তু তবুও 'সে' আছে। আমার মনে, আমার প্রাণে, আমার স্বপ্নে, আমার জাগরণে, যাকে আমার সব কথা বলা যায়, যার কাঁধে মাথা রেখে পৃথিবী ভোলা যায়, আমার খুশীতে যে খুশী হয়, আমার দুঃখে তার চোখের জল মোছাই আমি।

'সে' আমার অন্ধকারের আলো, ভোরের কলকাকলিতে যে আমার ঘুম ভাঙ্গায়। 'সে' আছে তাই আমার পৃথিবী এত সুন্দর। তার জন্যই আমার ভোর হয়, আমার রাত্রি নামে, আমার বাগানে ফুল ফোটে। আমার আকাশে জাগে তারার মেলা। তার জন্যই আজ আমি আমার আমিত্বে পরিপূর্ণ। হয়ত বা অনেকের জীবনেই আমার মত একজন "সে" আছে।

চতুর্থী, 26th September, 2025

আলিম্পন

নতুন প্রজন্মের তুলিতে ও কলমে

With Best Compliments

Pioneer Embroideries

PIONEER GROUP

With Best Compliments

SSHEER MANAGEMENT
ENT
WHERE ENTERTAINMENT IS SERIOUS BUSINESS

With best compliments

CAMPA™
COLA

Nidhi Malakar

7 years

Diya Malakar

11 years

OPERATION POTLUCK



HITOISHA ASH

Priya had one mission: bring eggs to office potluck. Simple right? Except Priya had a PhD in overcomplicating things. Instead of buying eggs like a normal human she decided she would make something" Instagram worthy"-a giant frittata with organic free-range eggs, sun-dried tomatoes and basil grown in her own windowsill.

The trouble started at 7:04 a.m. when she realized she had only one egg left in her fridge. "No problem," she told herself, slipping into her slippers." I will pop to the store". The store however was out of eggs. Out. Of. Eggs. Apparently there had been an "unprecedented omelet craze" thanks to a viral cooking video and every human within five-kilometer radius had decided to become a brunch chef overnight.

Priya panicked. The potluck started at noon and she was already mentally committed to this frittata idea. Giving up now felt like surrendering to mediocrity and Priya was dramatic enough to believe that this would ruin her entire reputation. That's when she saw it: her neighbor Mr. Verma's chicken coop. She tiptoed into the backyard like a poultry-themed ninja. "Henrietta," (name of one of the chickens) she whispered to a pump brown hen. "I just need a few of your finest, freshest"- Henrietta did not approve. She squawked so loudly that every chicken joined in, creating a feathery riot. Mr. Verma's dog began barking. Priya grabbed three eggs and bolted lie she had just robbed a feathered bank.

Back in her kitchen Priya had proudly cracked the first egg. Bright orange yolk. Perfect. Second egg- fine. Third egg- surprise! It contained what could only be described as a developing chicken situation. Priya screamed, dropped the egg and reconsidered

every decision she had ever made. She ended up with two usable eggs, so she supplemented with a box of liquid egg whites she had found in the back of her fridge. Expired? Yes. But she figured heat kills everything, including guilt. By 10:00 a.m. the frittata was finally baking. Priya took a moment to congratulate herself- until the oven began smoking like a 1980's Bollywood villain making a dramatic entrance. Turns out, she had forgotten about the pizza cheese that had melted onto the oven floor last week. The smell of burning dairy filled the apartment.

Priya flung open the window, accidently knocking the frittata pan onto the floor. She stared at the ruined masterpiece, took a deep breathe, and muttered "Plan B". Plan B was "buy whatever's cheapest and pretend its artisanal. She rushed to the convenience store, bought a 12 pack of eggs, boil them and decided to "jazz them up" with paprika and toothpicks. Unfortunately, she forgot

that boiled eggs sweat in plastic containers. By the time she arrived at the office, the eggs were floating in suspicious egg water. Her coworker Ramesh sniffed them and asked, “Are these... safe?” Priya responded with the only acceptable answer: “Absolutely. They are farm to table. Very rustic.”

At the potluck, Priya’s eggs sat untouched glistening sadly in their puddle. Meanwhile Ananya brought cupcakes, Vickram brought biriyani and even Mohan- the man who once tried to microwave a fork- brought homemade samosas that disappeared in minutes.

Priya tried to push the eggs onto people like an overeager salesperson. “Try one! They are... high in protein!” “No thanks, I am... allergic to ovals,” said someone inventing a condition just to escape. By the end of lunch, only one person had eaten an egg-Vikram, who mistook it for a mozzarella ball and looked betrayed for the rest of the day.

Priya quietly too the leftover eggs home. That night she fed them to Henrietta and her chicken friends as a piece offering. Henrietta pecked at one egg. Looked Priya straight in the eyes and somehow radiated pure judgement. Priya swore she saw the chicken shake her egg.

And that's how Priya learned a lesson '**Chickens never forget**'.



Atikssh Mandal

Age - 14 yrs

Yashveer Pandey

12 years

THE IRONY OF LIFE

Rishita Guha

Every good thing has to come to an End,
So is LIFE, Which is full of turns and bends,
Such is IRONY OF LIFE,
Where Death is certain and rife,
Life is unpredictable, they Say,
So is death without a Ray,
May the light be there in life Channel,
And the Hope,
As there is light at the end of the Tunnel,
There are Surprises, both Good and Bad,
Believing the unpredictability be Tad,
Destined is Birth, life and Death,
Hard are the Goodbyes to the stopped Breath,
Live Life King Size, and enjoy every moment,
KAL HO NA HO, Don't LIVE IN TORMENT..🙏

Samia Banerjee

16 years

Zoe Bhattacharyya

13 years

পঞ্চমী - 27th September , 2025 : পুজো উদ্বোধন

Lighting the lamp
by our special guest
Dr. Ved Prakash Thappar,
well known Actor,
Ayurvedic and
Naturopathy Doctor.

Dance recital

Arati

পঞ্চমী - 27th September , 2025

Inauguration by our senior members

আনন্দমেলা

পাঁচমিশালী

পুজোর গন্ধ

....aroma of festivities

Best Compliments

MIT MADURA
INDUSTRIAL TEXTILES

Best compliments from

With Best Compliments

A Well Wisher

মায়ের পুজো

বিজয়েশ ঘোষ

যেদিন থেকে শুরু মাঠে খুঁটি পোঁতা,
শুরু মায়ের আগমনের প্রহর গোনা,
সেদিন থেকেই শুরু ওদের কৌতূহলী আনাগোনা,
অপলক চেয়ে থাকা, আর ফিসফাস আলোচনা।

মন্ডপে যেদিন মা এলেন চারিদিক আলো করে,
ঢাকের বোল, সানাইতে বাতাস যখন উঠল ভরে-
আনন্দের উচ্ছ্বাস তখন ওদেরও চোখে মুখে,
অথচ, কাছে থেকেও ওরা যেন কত দূরে।

সপ্তমীর সকালে পুজোর মন্ডপে
সবাই যখন এসেছে নানান বেশে-
মন্ডপের উল্টোদিকের ফুটপাতে
ওরা সবাই তখন ঘুমের দেশে।
নতুন জামার নেশা নেইতো ওদের মনে,
রোমাঞ্চহীন শরীরগুলো তাই তো থাকে শুয়ে।

মহাষ্টমীর অঞ্জলি, মায়ের প্রসাদ আর দুপুরের মহাভোজ
সবেতেই ব্রাত্য ওরা, নেয়নি কেউ ওদের খোঁজ।
অসহায় মুখগুলো দূর থেকেই শুধু দেখে-
উৎসবের এই দিনে কেউ যদি কাছে ডাকে।

দুপুর গড়িয়ে যখন সন্ধ্যা হলো
অষ্টমীর সূর্য পশ্চিমে অস্ত গেল,
দলাভরা কান্না বুকে চেপে-
ফুটপাতের আস্তানাতেই ওরা ফিরে গেল।
দোমড়ানো হাঁড়ির পান্তাভাতেই
মহাষ্টমীর মহাভোজ সাঙ্গ হল।

আঁধার হার মানা আলোর রোশনাইতে
চারিদিক যখন ঝলমল,
রাতের আকাশের দিকে তখন চেয়ে -
নির্বাক, নিষ্পাপ অসহায় মুখগুলো।

বুঝে গেল আজ অতি সহজেই ওরা
কচি বয়সে যা বোঝার নয়,
এ পুজো মায়ের পুজো হলেও-
ওদের পুজো নয়।
তাও ওরা আসবে, বারবার আসবে-
কান্নাভেজা চোখে দূর থেকেই পুজো দেখবে।

ছোটবেলার দুর্গা পুজো

শর্মিষ্ঠা পুরকায়স্থ

শারদীয়ার সেই দিনগুলো যেন অন্য রকমই ছিল। স্কুলের বই তখন ব্যাগের ভেতর ঘুমোচ্ছে, আর মন পড়ে আছে শুধু বাজনার দিকে। মহালয়ার ভোরে ঠাকুমার রেডিও থেকে ভেসে আসত “জাগো দুর্গা”—সেই শব্দেই পুজোর গন্ধ নাকে এসে লাগত।

ছোটবেলায় দুর্গা পুজো মানেই ছিল এক অন্যরকম আনন্দের সময়। পুজো আসার কয়েকদিন আগেই বাড়িতে নতুন জামা, জুতো আর আতসবাজির কেনাকাটা শুরু হয়ে যেতো। তখন দিন গোনা চলত—“পুজো আসতে আর ক’দিন বাকি?"

পাড়ার মাঠে তখন খুঁটি পুজো হয়ে গেছে, বাঁশে বাঁশে উঠে যাচ্ছে প্যান্ডেল। বন্ধুরা মিলে সারাদিন ছুটে বেড়াতাম—কোথায় আলো জ্বলছে, কোথায় দেবীর মুখ ঢেকে রাখা আছে। নতুন জামা গায়ে দিয়ে অঞ্জলি দিতে যেতাম, হাতে ফুলের ঝুড়ি। পুষ্পাঞ্জলিতে মা’কে প্রণাম করে মিষ্টি খাওয়ার আনন্দটা ছিল আলাদা। তারপর ভোগের খিচুড়ি, লাবড়া আর পায়েসের স্বাদ আজও জিভে লেগে আছে।

রাত জেগে ঢাকের তালে তালে ধুনুচি নাচ, লাইটের ঝলকানি, মেলার নাগরদোলা—সব মিলিয়ে চারটে দিন ছিল একেবারে

স্বপ্নের মতো। বিজয়ার সকালে সিঁদুর খেলা দেখে মনে হতো—এত তাড়াতাড়ি মা কেন চলে যান?

এখন বড় হয়ে গিয়েছি, ব্যস্ত জীবনে পুজোর রঙ একটু ফিকে হয়ে গেছে হয়তো। কিন্তু চোখ বন্ধ করলে এখনও দেখতে পাই—সেই ছোটবেলার প্যান্ডেল, সেই চেনা মুখগুলো, আর ঢাকের আওয়াজে ভরা সেই বিকেল। ছোটবেলার দুর্গা পুজো শুধু স্মৃতি নয়, এটা এক টুকরো হৃদয়ের গল্প, যা কখনও মুছে যায় না —সেই নিষ্পাপ আনন্দ, সেই বন্ধুরা, আর সেই নির্ভেজাল উৎসবের দিনগুলো যেন থেকে যায় মনের মণিকোঠায়।

আজও সেই দিনগুলো মনে পড়লে বুকটা ভরে যায় আনন্দ আর নস্টালজিয়ায়।



“Where the Heart Belongs : Durga Pujo of My Early Years”

Soumi Chakravarty

As the autumn whispers, childhood memories of Durga Puja come up. For us, who grew up in 70s in small cities, life was slower, simple and deeply rooted in community and tradition. There was no rush of screen for the day-to-day information, only the soft rustle of newspaper as my father read aloud headlines over a cup of steaming morning tea.

Festivals painted the year in colour, Diwali’s diyas flickering against the night, Holi’s rainbow colours staining my hands for days, Durga Pujo bringing new clothes and street food.

Being Bengali, Durga Pujo was something we

all used to wait for the whole year. I grew up in the steel city of Bhilai, which was a part of Madhya Pradesh, now Chhattisgarh. Though the city consists of people from all over India, yet during Durga Pujo, the small Bengali community turned the city into a slice of Bengal.

Preparations used to begin weeks earlier in the different sectors of the city, pandals weren't elaborate, just bamboo poles, jute matting and hand painted backdrops, but to us, it was grander than anything that of in Calcutta. Mahalaya morning used to begin in the quiet of early hours. Each year on opening our eyes, we used to see Baba trying to adjust the All-India Radio station to get the perfect recitation of “Mahishasura Mardini” by Shri Birendra Krishna Bhadra and Ma making tea so that we all are properly awake in welcoming Ma Durga.

On the spirited rhythmic beats of dhakis, the entire Bengali community would gather in

different pandals, women draped in crisp cotton sarees, men in Dhoti Panjabis and children proudly showing off their new clothes bought from Kolkata or local shops before queuing up for Pushpanjali every day. The entire neighbourhood would resonate with the symphony of the 'Dhaks', 'Pushpanjali' mantras and 'Shankha Naad'. The 'Bhog' was legendary, Khichuri steaming in giant 'deckchis', 'Labra' cooked with every vegetable in season, 'Begun Bhaja', 'Chutney' and 'Payesh' served on 'Sal leaf' plates. Volunteers moved in perfect coordination, making everyone to sit in long rows. Most of the volunteers used to be young boys of the pada working under the guidance of father and neighbouring uncles, and in the process, learning the event management skills.

Evenings were for cultural programs, the stage lit by few tube lights, hosted Rabindra Sangeet, recitations and plays rehearsed for weeks in someone's living room. Special

attraction of the pujo was “Jatra” (Folk Theatre). The troupe used to come from Bengal and performance were conducted in the late night of the last two days.

Then Dashami as we felt came too soon, Ma and aunties wearing Red Border White Saris queuing up for ‘Sindoor Dan’ ritual. We used to take our books on most difficult subject for blessings from Ma Saraswati.

Then, Goddess Durga with heavy heart was bid farewell and the idol went away on a trailer with us shouting, “Asche Bochor Abar Hobe”. By night, the pandal suddenly looked very empty like a stage after the play.

The nostalgic memories of Durga Pujo finished with sweet aromas of delicacies like’ Narkel er Nadu’, ‘Kucho Nimkis’, ‘Ghugnis’ etc. being prepared in every household. Those days families used to visit each other’s house to exchange Bijoya greetings.

Back then, I didn't realise that those pujos in my town taught me something about sense of belonging.... that is...even when you are far from your native place, far from everything familiar, "Durga Ma" finds you. She comes to wherever you are, bringing not just rituals, but the feelings that you are at home in your own community. Now, when I listen to Mahalaya in mobile phone, far away from my native town I still can see Her eyes - calm, smiling, telling me that "She is there and She is coming"!

After many years when we saw the ambience of Durga Pujo of OIKYOTAN group in Mumbai we could relate our similar pujo vibes and memories of childhood in the way of celebration and warmth of the people.

দুর্গা পূজা ও সার্বজনীন সামাজিক অংশগ্রহণ

অনুকণা চক্রবর্তী

দুর্গা পূজা বাঙালির বৃহত্তম উৎসব। এই উৎসব ইউনেস্কোর তরফ থেকে 'মানবতার সাংস্কৃতিক ঐতিহ্য' **(Intangible Cultural Heritage of Humanity)**-এর প্রতিনিধিত্বমূলক তালিকায় অন্তর্ভুক্তও বটে।

এই অনুষ্ঠান তার নানা আচার উপাচার সব মিলিয়ে, প্রায় দিন সাতেকের ব্যাপ্তি। এই বিশাল কর্মযজ্ঞকে সফল করতে সর্বস্তরের মানুষ, জাতি, ধর্ম, বর্ণ নির্বিশেষে অংশগ্রহণ করে।

যদিও এটি একটি ধর্মীয় অনুষ্ঠান, তবে এই অনুষ্ঠান এর সার্বভৌমত্ব কে মাথায় রেখে, এই অনুষ্ঠান বিগত কিছু কাল থেকে শারদোৎসব নামে উৎসবের চেহারা পেয়েছে।

যে কোন পুজোর সাথেই নানা ধর্মীয় রীতি, আচার জড়িত থাকে। এই ব্যাপারে নানা মুনির নানা মত। এই লেখায় পুজোর এই দিকটা বাদ দিয়ে, চেষ্টা করছি বর্ণ, ধর্ম নির্বিশেষে, মানুষ এর যোগদান এর চেহারা তুলে ধরতে।

এই মহোৎসব এর ব্যাপ্তির নিরিখে অপরিহার্য হয়ে পড়েছে বহুত্ব। তাই, উৎসব এর সকাল গুলোতে কাড়া-নাকাড়া সহযোগে সানাই বাদকের জাতপাতের বিচার করতে আমরা ভুলে যাই।

তথাকথিত নিষিদ্ধ পল্লীর বারাঙ্গনার দুয়ারের মাটি, কোনো এক যাদু কাঠির ছোঁয়ায় হয়ে ওঠে পুজোর অপরিহার্য উপাদান। যে মানুষটা তার সমগ্র শিল্পীসত্ত্বা কে উজাড় করে মৃন্ময়ী মায়ের মূর্তি বানায় কয়েক মাস ধরে, কে খুঁজতে গেছে তার ধর্ম বা গোত্র পরিচয়!!! উৎসব এর শুভ দিক এবং আনন্দ, এই হিসেব আমাদের মনে আসতেই দেয় না।

একদল লোক সারা বছর জুড়ে লেগে আছে উৎসবের মঞ্চ তৈরি আর আলোকসজ্জার কাজে। আমরা কোনোদিন তাদের অনেকের নামও জানার চেষ্টা করি না, পরিবার পরিচয় অনেক দূর।

এইসব কিছুর পর মায়ের মর্তলোকে আগমন পুত্র কন্যা ও তাদের বাহন দের সাথে। সেই পরিবারকে বহন করে মঞ্চে অধিষ্ঠিত করার বাহকের কুল পরিচয় আমরা জানতে চাই না।

বিগত শতকের কিছু ধনী জমিদার, মায়ের সাজপোশাক ডাক মারফত বিলেত থেকে আনাতেন। আজ সেই জমি, জমিদার, জমিদারি সবই গেছে, থেকে গেছে শুধু ডাকের সাজ।

সমস্যা হল, আমাদের এই নিরপেক্ষ মনোভাব ও সার্বজনীন যোগাযোগ, সাময়িক এবং নিতান্তই সুবিধাবাদী। এই উদারতার পরিচয় যদি আমরা দৈনন্দিন জীবনে প্রতিফলিত করতে পারি, তবেই এই উৎসব এর সার্বভৌমত্ব পরিপূর্ণতা পায়, আর তাহলে বোধহয় এই শারদ মহোৎসব আরও একটু বেশি আনন্দ মুখরিত হয়ে ওঠে!!!

Ma Durga in Gen-Z Times

Moon Devdas

In bustling streets and silent cries,
In dreams that soar and hopes that rise,
She walks with grace, the warrior queen,
Ma Durga — intense, yet calm and keen.

Not just in temples, dressed in red,
But in each tear a mother sheds,
In every woman who dares to speak,
In every soul that once was weak.

She rides her lion through the storm,
In every fight to break the norm.
Against injustice, hate, and lies,
She lifts the truth, she makes it rise.

Her trident pierces fear and doubt,
She shows what courage is about.
With every blow to greed and pride,
She stands for all we've lost inside.

In boardrooms, schools,
and protest grounds,
Her fearless energy resounds.
In silence, strength; in chaos, calm,
Her name itself—a healing balm.

Oh modern world, don't look away,
Her spirit walks with us each day.
She's not just myth or old belief,
She's justice, power, hope, relief.

So light the lamp, but more than that,
Let conscience wake where it once sat.
Invoke her not in fear alone—
But when you stand, speak, rise, atone.

Ma Durga lives where voices rise,
Where truth stands tall, and ego dies.
In every heart where love is king—
There too, the goddess spreads her wing.

ষষ্ঠী -28th September 2025

পুষ্পাঞ্জলি

মজার খেলা - মালা বদল

ষষ্ঠী -28th September 2025

নৃত্যনাট্য- চিত্রাঙ্গদা

জ্ঞানের আলোয়

...light of consciousness



With best compliments

from

Aruna kumari doma

With best compliments

MKG

With best compliments

Sanathan
Textiles

The Mother Who Awakens Us

Pragnya Acharya

Sri Aurobindo's Vision of Durga:

As autumn arrives, the air fills with the fragrance of shiuli flowers, the beat of the dhaak, and the joyous anticipation of Durga Puja. To us, Maa Durga is the loving Mother who comes home to her children, and the fierce warrior who destroys the darkness of Mahishasura. But to Sri Aurobindo—yogi, poet, and patriot—Durga was much more. She was the eternal Shakti, the Mother of the Universe, and the soul of our nation.

The Divine Mother:

Sri Aurobindo saw Durga as the boundless power of the Divine Mother—the strength that protects, the love that nurtures, and the wisdom that guides. To him, when we offer our prayers to Maa Durga, we are not merely performing a ritual, but opening our hearts to the infinite power that dwells within us and around us.

The Eternal Battle:

The slaying of Mahishasura, Sri Aurobindo reminded us, is not only a story from the Puranas. It is the eternal battle between light and darkness, truth and falsehood, freedom and bondage. Mahishasura lives within every human being, in the form of ego, fear, and ignorance. Durga, with her radiant weapons, rises within us to conquer these forces and awaken our higher selves.

Durga as Mother India:

For Sri Aurobindo, Durga was not only the Mother of the cosmos—she was also Bharat Mata. In the days of our freedom struggle, he called upon the people of India to see the nation itself as Durga: powerful, divine, and waiting to be awakened. To worship her was not just to light a lamp before an idol, but to dedicate ourselves in courage, sacrifice, and devotion to the service of the Motherland.

He wrote:

"When you worship Durga, you are worshipping

the country, you are worshipping the Shakti that is in the country… the Shakti that is in you, in your brothers, in every one of us."

The Inner Call:

Durga Puja, in Sri Aurobindo's vision, is therefore, a festival of inner awakening. It is the call of the Mother, asking us to rise above selfishness, fear, and weakness, and to discover the divine strength within. Each beat of the dhaak is a reminder that the Goddess is not far away—she is alive in every heart that is pure, courageous, and full of love.

As we celebrate this Durga Puja, let us remember Sri Aurobindo's vision. Let us see Maa Durga not only in the grandeur of the pandals, but also in the courage of our souls, the purity of our actions, and the unity of our people. For she is the Mother who never leaves us—the Mother who fights for us, awakens us, and embraces us in her eternal love. Jai Maa Durga!

Shakti Peeth Temples

A Sacred Network of the Divine Feminine

Anuradha Majumdar

Shakti Peeths are among the most revered shrines in Hinduism, dedicated to the worship of the divine feminine energy, Shakti. According to ancient legend, these sacred sites mark the places where

parts of Goddess Sati's body or her ornaments fell to earth after Lord Shiva, in a state of grief and rage, performed the cosmic dance of destruction (Tandava) while carrying her lifeless body.

Lord Vishnu, in order to restore cosmic balance, used his Sudarshan Chakra to dismember Sati's body, and the pieces fell at various locations across the Indian

subcontinent. Each of these locations became a powerful center of spiritual energy, worshipped as a Shakti Peeth, with a corresponding manifestation of Shiva, known as Bhairava.

Traditionally, there are 51 Shakti Peeths that hold supreme significance in Shakta tradition, although certain lists include even more, depending on regional traditions and interpretations of the Puranic texts. Among them, the 18 Maha (Astadasha) Shakti Peethas hold special prominence and are celebrated with intense devotion during festivals such as Navratri. These temples are scattered across India, Nepal, Bangladesh, Sri Lanka, and even as far as Tibet and Pakistan, forming a vast spiritual network that draws millions of devotees every year.

One of the most important and widely visited Shakti Peeths is the Kamakhya

Temple in Assam, associated with the goddess's yoni (womb). This temple is renowned for its unique celebration of womanhood and fertility, and during the Ambubachi Mela, thousands gather to honor the goddess. In Himachal Pradesh, the Jwalamukhi Temple, representing Sati's tongue, is famous for its eternal flames, which burn naturally without any apparent fuel source, symbolizing the goddess's unending power. The Kalighat Temple in West Bengal, representing her toes, is another key pilgrimage destination, revered as one of Kolkata's oldest spiritual sites.

In Jammu & Kashmir, the Vaishno Devi Temple is linked to the goddess's skull and stands as one of the most visited shrines in India, drawing devotees who trek through the mountains to seek her blessings. Across the border in Pakistan, the Hinglaj Mata Temple is associated

with Sati’s head and is a deeply significant site for Hindu pilgrims despite its remote location in the Balochistan region. In Gujarat, the Ambaji Temple is linked to the goddess’s heart and is considered a wish-fulfilling shrine, attracting devotees from across western India.

The Shakti Peeth tradition extends beyond India’s borders, with the Guhyeshwari Temple in Kathmandu, Nepal, representing Sati’s knees or hips. This temple is an important center for both Hindu and Buddhist worshippers and plays a central role in Nepal’s spiritual heritage. In Chhattisgarh, the Danteshwari Temple, symbolizing her tooth, is associated with the tribal cultures of the Bastar region and is especially revered during the Bastar Dussehra festival. In Uttarakhand, the Surkanda Devi Temple, linked to the goddess’s head, sits atop a hill offering panoramic views and is an important site

for local devotees. Similarly, the Maya Devi Temple in Haridwar represents both her heart and navel, making it a particularly sacred spot along the Ganges.

Several temples hold special cultural and regional importance. In Varanasi, the Vishalakshi Temple is associated with the goddess's earrings or divine eye and is often visited alongside the Kashi Vishwanath Jyotirlinga, symbolizing the unity of Shiva and Shakti. The Srisailam Bhramaramba Temple in Andhra Pradesh, linked to Sati's neck or upper lip, is unique in being both a Shakti Peeth and a Jyotirlinga, making it a doubly sacred destination. In Bihar, Chandika Sthan, associated with the left eye, is believed to possess healing powers for eye-related ailments, attracting pilgrims seeking divine intervention. In Meghalaya, the Maa Jayanti Temple at Nartiang represents Sati's left thigh and is steeped in Tantric traditions. The Shrinkala Devi

Temple in West Bengal, representing the goddess's abdomen, is a symbolic site visited particularly during annual festivals.

Each Shakti Peeth not only has its own legend and spiritual importance but also reflects the cultural diversity of the regions where it is located.

51 Shakti Peeths

The rituals, architectural styles, and local customs associated with these temples vary widely, yet they are united by the central theme of honoring the primordial feminine energy that sustains the universe. The worship of Shakti in these temples emphasizes her role as both the nurturing mother and the fierce protector, embodying the cyclical nature of creation and destruction.

For devotees, undertaking a pilgrimage to multiple Shakti Peeths is considered a highly meritorious act, believed to cleanse sins and bring spiritual awakening. The journey is often not just a physical one but also a deeply personal and transformative experience.

The Shakti Peeths, with their rich history, vibrant festivals, and deep spiritual resonance, continue to serve as enduring symbols of devotion, resilience, and the

unbreakable bond between the divine and the devotee. Together, they weave a sacred geography that transcends borders, uniting people in reverence to the eternal power of the Goddess.

জন্মশতবর্ষে বাদল সরকার

অভীক গোস্বামী

"এ এক অঙ্ক। আবর্তনের অঙ্ক। পুরো অঙ্কটার উত্তর শূন্য। তাই পুরো অঙ্কটা কেউ করে না। কেটে ছোট করে নেয়। উত্তর হয়- জীবন"।

তাঁর লেখা সর্বাধিক চর্চিত নাটক 'এবং ইন্দ্রজিৎ' এর কেন্দ্রীয় চরিত্র ইন্দ্রজিৎ যেমন অমল-বিমল-কমলের গতানুগতিকতার ধারা থেকে বেরিয়ে এসে হতে চায় এক স্বতন্ত্র স্বত্তা, তেমনই যেন বাংলা নাট্যজগতের প্রচলিত ধারার থেকে ভিন্ন এক অভিমুখের নাম বাদল সরকার।

১৯২৫ সালের ১৫ই জুলাই কলকাতায় জন্মগ্রহণ করেন সুধীন্দ্রনাথ সরকার। তবে পরবর্তীকালে বাদল সরকার নামেই তিনি বিখ্যাত হয়ে ওঠেন। বাদল সরকারের নাম উচ্চারিত হলেই প্রথমেই যে প্রসঙ্গ অনিবার্যভাবে চলে আসে তা হল থার্ড থিয়েটার বা তৃতীয় ধারার থিয়েটার। কিন্তু শুধুমাত্র থার্ড থিয়েটারের ভাবনা বাংলায় নিয়ে আসার কৃতিত্ব দিয়ে বাদল সরকারকে সামগ্রিক ভাবে বোঝা সম্ভব নয়। তাঁর জীবন তথা থিয়েটারচর্চা বহুমাত্রিক।

শৈশব বা যৌবনে নাটকের সঙ্গে তাঁর পরিচয় মূলত রেডিও-র নাটকের হাত ধরে। শিবপুর বেঙ্গল ইঞ্জিনিয়ারিং কলেজ থেকে সিভিল ইঞ্জিনিয়ারিং নিয়ে পড়াশোনা শেষ করার পর অল্প বয়সেই চাকরীতে যোগদান করেন। মাইথনে অফিস কোয়ার্টারে থাকাকালীন সহকর্মীদের সঙ্গে নেহাৎই সময় কাটানোর জন্য তিনি শুরু করেন নাট্যচর্চা। তাঁর নিজের স্মৃতিচারণায় এই চর্চার প্রাথমিক শর্ত ছিল মঞ্চাভিনয়ের কথা চিন্তা না করে শুধুমাত্র মহড়ার মাধ্যমে অভিনয় করবার আনন্দ নেওয়া। এভাবে কিছুদিন চলবার পর দলের কেউ কেউ যখন মঞ্চে সেই নাটক নিয়ে যাবার কথা তোলেন তখন বেশিরভাগ সদস্যই পিছপা হয়ে যান। যাইহোক সবাইকে বুঝিয়ে শেষ পর্যন্ত সেই নাটক মঞ্চস্থ হয়। চাকরীসূত্রে বাদলবাবু পাড়ি দিয়েছেন বিভিন্ন দেশে। কিছুদিন ইংল্যান্ড, তারপর ফ্রান্স, কিছু বছর নাইজেরিয়া এবং আরও অন্যান্য দেশ। বহু সংস্কৃতি, বিভিন্ন মানুষের সঙ্গে পরিচিত হবার সুবাদে তাঁর লেখনীতে বারেবারে ফিরে এসেছে ভিন্ন ভিন্ন মেজাজের চরিত্র। ‘এবং ইন্দ্রজিৎ’ ছাড়াও তাঁর লেখা নাটকগুলির মধ্যে বাকি ইতিহাস, সারারাত্তির, বল্লভপুরের রূপকথা, পাগলা ঘোড়া, যদি আর একবার, রাম শ্যাম যদু, ভোমা, শনিবার এবং কবি

কাহিনী বিশেষভাবে উল্লেখযোগ্য। একইসঙ্গে বিভিন্ন দেশে নাট্যচর্চার সরাসরি সাক্ষী হবার ফলে তাঁর নাট্যদর্শন হয়ে উঠেছিল আন্তর্জাতিক। বিদেশে থাকাকালীন তিনি বিভিন্ন ভাষার চলচ্চিত্র দেখে সেগুলির ছায়ায় একাধিক নাটক রচনা করেছেন। সেই নাটকগুলি প্রকাশের সময় তিনি বেশিরভাগ ক্ষেত্রেই সরাসরি স্বীকার করেছেন যে বহুদিন আগে দেখা একটি সিনেমার মূল ধারণা নিয়ে রচিত নাটকে কাহিনী অনেকাংশেই মৌলিক - কারণ বেশিরভাগ সংলাপ তিনি উচ্চারণ বা ভাষার কারণে বুঝেই উঠতে পারেননি! এমন অকপট স্বীকারোক্তি বোধহয় বাদলবাবুর পক্ষেই সম্ভব।











ষাট বছর বয়স পেরিয়ে যাদবপুর বিশ্ববিদ্যালয়ে কম্পারেটিভ লিটারেচার পড়তে ভর্তি হন সন্তানসম ছাত্রছাত্রীদের সঙ্গে একই ক্লাসরুমে। এও তাঁর খামখেয়ালী অনুসন্ধিৎসু ছাত্রসুলভ চরিত্রের একটা দিকেরই প্রতিফলন।

তাঁর নাট্যজীবনের প্রথম পর্যায়ে মঞ্চে অভিনয়ের জন্যে লেখা নাটকগুলির বেশিরভাগই কৌতুকধর্মী। তবে আদ্যোপান্ত মজার নাটক বলতে সাধারণভাবে যা বোঝায় তার থেকে এই নাটকগুলি কিছুটা স্বতন্ত্র। বাদলবাবুর নিজস্ব রসবোধের কারণেই সেগুলি আপাতভাবে মজার নাটক হয়েও বিশেষভাবে নজর কাড়ে। পরবর্তী পর্যায়ে তাঁর নাটকের মূল উপজীব্য হয়ে ওঠে মানুষের ব্যক্তিগত অস্তিত্ব ও তার সংকট যা কোথাও কোথাও একার হয়েও সামগ্রিক।

“ইন্দ্রজিৎ- সবই তো মানছি। কিন্তু নিয়ম মানাটাই উচিত এ কথাটাও কি মানতে হবে?
মানসী- না মেনে কী করব?
ইন্দ্রজিৎ- নিয়মটাকে ঘেন্না করব। অন্তত সেটুকুও তো বাকি থাকা দরকার।”

নাগরিক জীবনের নিয়মমাফিক জীবনযাপন,

অন্তরসারশূন্য ক্লান্তিকর একঘেয়েমি সরাসরি প্রতিফলিত হয় তাঁর লেখা চরিত্রগুলির সংলাপে। একইসঙ্গে উঠে আসে প্রতিষ্ঠানবিরোধী সামাজিক মন্তব্য। তাঁর এই দৃষ্টিভঙ্গির জন্য কখনও কখনও তাঁকে নকশালপন্থী বলেও সমালোচিত হতে হয়েছে।

এর পরবর্তী পর্যায়ের নাটকগুলি মূলত অঙ্গনমঞ্চ বা খোলা মঞ্চে অভিনয়ের কথা চিন্তা করে লেখা। তাঁর নিজের ব্যাখ্যায় আমাদের দেশজ যাত্রাপালার চারদিক খোলা মঞ্চকে যদি প্রথম ধারা, ইউরোপীয় নাট্যরীতির একদিক খোলা মঞ্চকে যদি দ্বিতীয় ধারা বলা হয়, অভিনয়কে দর্শকের মাঝে নিয়ে আসাকে বলা যেতে পারে তৃতীয় ধারার থিয়েটার। প্রচলিত প্রসেনিয়াম থিয়েটারের বাধা পেরিয়ে এই নাট্যশৈলীর মাধ্যমে বাদলবাবু চেষ্টা করেছিলেন অভিনেতা ও দর্শকের মধ্যে ব্যাবধান যথাসম্ভব কমিয়ে আনতে। থার্ড থিয়েটার বা তৃতীয় ধারার থিয়েটারের একটি গুরুত্বপূর্ণ দিক হল অর্থনৈতিক দিক। ভারতের মত উন্নয়নশীল দেশের ক্ষেত্রে নাট্যচর্চার জন্য এই দিকটি অন্যতম প্রধান। মূল ধারার থিয়েটারের ক্ষেত্রে খরচা একটি বিরাট অন্তরায়। কিন্তু থার্ড থিয়েটারে হল-ভাড়া, সেট, প্রপ, মেকআপ, লাইট ইত্যাদির ব্যবহার অতি সীমিত

হওয়ায় দৈনন্দিন খরচা অনেকটাই কম। প্রথমদিকে ‘চক্র’ ও পরে ‘শতাব্দী’ নাট্যদল নিয়ে বাদলবাবু তৃতীয় ধারার থিয়েটারচর্চা করেছেন শহরের অঙ্গনমঞ্চ এবং গ্রামাঞ্চলের সাধারণ মাঠ বা খোলা জমিতে। তবে তাঁর নিজের বক্তব্যে গ্রামের খোলা জায়গায় অভিনয়ের ক্ষেত্রে কিছু বাধার সম্মুখীন হতে হলেও ওখানে দর্শকের সাথে সম্পর্ক স্থাপন হয়েছে অনেক নিবিড়, অনেক সহজ। অনেক ক্ষেত্রে দর্শকের জন্য নির্ধারিত কোন প্রবেশমূল্য না রেখে অভিনয় শেষের পর নিজেদের ইচ্ছেমত অর্থের অনুদান গ্রহণ করা হয়েছে। এই সময়ের নাটকগুলিতে তাঁর লেখায় প্রবলভাবে উঠে এসেছে পারমাণবিক শক্তির আস্ফালনের বিষয়টি।

১৯৬৮ সালে সঙ্গীত নাটক অ্যাকাডেমি পুরস্কার ও ১৯৭২ সালে পদ্মশ্রী পুরস্কার পান তিনি। ১৯৯৭ সালে সঙ্গীত নাটক অ্যাকাডেমি ফেলোশীপ থেকে ভারত সরকার তাকে সংস্থার সর্ব্বোচ্চ পুরস্কার ‘রত্ন সদস্য’ পদক দেয়। হিন্দির সাথে সাথে ভারতের বিভিন্ন আঞ্চলিক ভাষায় তাঁর লেখা বিভিন্ন নাটক অনূদিত ও প্রযোজিত হয়েছে বিভিন্ন সময়ে। সারা ভারতবর্ষের নাট্যমোদী মানুষের কাছে আধুনিক নাট্যকারদের মধ্যে বাদল সরকার অগ্রগণ্য। কিন্তু

বাংলার নাট্যজগতে তিনি যেন তাঁর প্রাপ্য সম্মান কোনদিনই পাননি। মূল ধারার নাট্যচর্চার পাশে তাঁর তৃতীয় ধারার থিয়েটারকে যেন কিছুটা ছোট করেই দেখানো হয়েছে চিরদিন। জন্মশতবর্ষে তাঁর লেখা নাটকগুলিকে বেশি করে মঞ্চে নিয়ে আসার মাধ্যমে এবং তাঁর থিয়েটার দর্শনের প্রকৃত মূল্যায়নের মাধ্যমে আমাদের উচিৎ তাঁর বিরাট বিস্তৃত কর্মকাণ্ডকে সম্মান দিয়ে নিজেদের আরও সমৃদ্ধ করে তোলা।

"আমি বিভক্ত, আমি অণুখণ্ডিত,
গুঁড়ো দিয়ে গাঁথা জটিল ঐকতান।
বুড়ো শতাব্দী আজও পেতে আছে কান,
চূর্ণ পৃথিবী এখনও অপরাজিত।"



Bong Dilemma in Platter

Sumit Saha

To call the Bengali community a "foodie" society is almost an understatement; food is not merely about nourishment but about heritage, celebration, and identity. From the elaborate spreads of rice, fish, sweets, and seasonal delicacies to the everyday rituals of tea and adda, Bengali life is deeply woven around culinary practices. This rich gastronomic culture, however, is increasingly facing a paradox: while food remains central to joy and tradition, it has also become a significant source of health problems, particularly gastrointestinal issues, which are among the highest in India for this community. In the upcoming era of DNA-based food solutions and precision nutrition, Bengalis

may find themselves at a unique crossroads—caught between cultural attachment and scientific necessity.

The dilemma begins with the tension between tradition and health. Bengali cuisine is celebrated for its use of mustard oil, deep frying, and generous portions of sweets. These foods carry symbolic and emotional meaning—sandesh or mishti doi, for example, are not just desserts but emblems of hospitality and love.

Yet, the increasing prevalence of acidity, irritable bowel syndrome, fatty liver disease, and other gastrointestinal problems signals that the body is no longer in harmony with the food culture.

Processed foods, rapid urbanization, and lifestyle changes have further worsened the situation. In such a context, the advent of DNA-based food solutions—which promise to tailor diets to an individual's genetic makeup—may bring both hope and discomfort. On one hand, DNA-based diets could be revolutionary.

Imagine a Bengali who loves fish but often experiences indigestion from certain varieties being guided by genetic insights to choose specific fish types better suited for their metabolism. Or an individual genetically predisposed to lactose intolerance being nudged away from mishti doi toward a dairy-free but equally delightful alternative crafted with precision nutrition. For a community struggling with health burdens, such interventions could prevent disease, enhance longevity, and reduce medical expenses. DNA - guided diets may help Bengalis enjoy the essence of their cuisine while protecting their

digestive health. Yet, on the other hand, these solutions pose a cultural and emotional dilemma. Food is rarely consumed in isolation in Bengal; it is always part of a larger collective experience. Family feasts, Durga Puja bhog, weddings, and neighborhood gatherings all revolve around shared meals. If DNA-based personalization dictates that each member of a family eats differently, the shared plate—the very metaphor of Bengali community—may weaken. The essence of sitting together over rice and multiple curries might fracture into individualized menus. Food could shift from being a communal bond to a solitary prescription.

For a culture that celebrates unity through food, this could feel alien and unsettling.

Moreover, there is the question of identity. If DNA-driven insights discourage consumption of traditional favorites like hilsa soaked in mustard or rasogolla dipped in syrup, will Bengalis be willing to alter their culinary pride? Will the future Bengali be recognized less by what they eat and more by what their DNA permits? Such questions cut to the heart of belonging. Food is not only a biological necessity but also a marker of who we are. For a community that takes immense pride in its cuisine, the shift to a DNA-regulated food culture may feel like a compromise of heritage.

The future, therefore, may demand balance rather than replacement. Perhaps technology can help reinvent traditional dishes in healthier forms—retaining flavors but removing harmful triggers. Precision nutrition might not mean abandoning mishti but reimagining it with natural sweeteners, gut-friendly probiotics

or genetically compatible ingredients. The Bengali dilemma will lie not in choosing between culture and health,but in reinterpreting culture through the lens of health. Ultimately, the Bengali relationship with food is one of love and loyalty. DNA-based food solutions may challenge this bond, but they also present an opportunity: to preserve the joy of eating while aligning it with well-being. The community's strength lies in its adaptability—just as it has absorbed global cuisines while preserving its own, it may embrace personalized nutrition without losing its culinary soul.

The future Bengali plate may look different, but perhaps it will carry the same spirit: food as a celebration of life, identity, and togetherness—only now, with the wisdom of science guiding its choices.

"আমার সন্তান যেন থাকে দুধে ভাতে"-..this metaphor may find a new meaning ...

সপ্তমী , 29th September, 2025

কলা বৌ স্নান

মজার খেলা - সুখী গৃহকোণ

সপ্তমী , 29th September, 2025

' ভালবাসার সুরে' - Tollywood Tunes

Felicitation of the Trustees and Puja Sub Committees

ছবি ঘর

- *Kaleidoscope*

With Best Compliments

from

Gie Gold Creations Pvt Ltd

With Best Compliments

from

Gaurav Ladha

With best compliments

ECOGENESIS

With best compliments
from
UTL Pharmaceuticals, Birganj

Sudeepta Mandal

Abhik Goswami



Moon Devdas

Munmun Pal

অষ্টমী, 30th September 2025

উলু ধ্বনি
ও
শঙ্খ ধ্বনি
প্রতিযোগিতা

মজার খেলা - কানাঘুষো

অষ্টমী, 30th September 2025

সন্ধিপুজো

Our sincere thanks to MLA Atul Bhatkhalkar for joining our puja celebrations and sharing his warm wishes.

অষ্টমী, 30th September 2025

'Rongdhanu' fashion show sponsored by Garden Vareli and Laxmipati Sarees

'Incredible India'

- Dance Programme

মনের আয়না

....mind reflections

With Best Compliments

VISTRA

विस्ट्रा आय टि सी एल (इंडिया) लिमिटेड

रजिस्टर्ड ऑफिस : द क्यूब, ए विंग, २रा मजला, हसन पाडा रोड, मित्तल इंडस्ट्रियल एस्टेट, मरोळ, अंधेरी (पूर्व), मुंबई - ४०० ०५९.

Vistra ITCL (India) Limited

Registered Office: The Qube, A Wing, 2nd Floor, Hasan Pada Road, Mittal Industrial Estate, Marol, Andheri (E), Mumbai - 400 059

GSTIN NO.: 27AAACI16832K1ZD

CIN: U66020MH1995PLC095507

With Best Compliments

KT

KULODAY TECHNOPACK PVT LTD

+91-22-41557799 +91 75066 67799 E-mail: info@kuloday.com

With Best Compliments

Mangesh Dakhore

With Best Compliments

Shweta Padmaraj Dhotar

With Best Compliments

from

Chintan Kotak

With Best Compliments

A Well Wisher

তিনটি তারের কথা

অর্পিতা সাহা

কলেজ জীবন শেষ করে বিয়ের পিঁড়িতে বসেছিলাম। আমি শান্ত শহর থেকে বেড়ে ওঠা একটি মেয়ে। বিয়ের পর স্বামীর চাকরির সূত্রে এসে পৌঁছোলাম তেহট্টের একটি প্রত্যন্ত গ্রামে। গ্রাম্য শহর কোচবিহার অঞ্চলের মেয়ে হওয়ার সুবাদে আমার এই গ্রাম্য পরিবেশ ভীষণ ভাল লাগতে শুরু করল। কোচবিহারের থেকেও শান্ত এবং অনবদ্য গ্রাম্য-হৃদ্যতা জড়ানো - তেহট্ট। সেখানকার লোকজন, গ্রামের সারল্য, নদীর জল, নৌকা, সবুজ গাছপালা এবং সেখানকার মেলা এসব দেখতে ভীষণ ভাল লাগত আমার। তেহট্ট এবং পলাশী এই দুটো জায়গাতেই আমি প্রায় দুটো বছর কাটিয়েছি। সেখানকার কাকিমা, জেঠিমা, ঠাকুমা এদের কথা একটু না বললেই নয়। আমার চারপাশে কিছু পরিচিতি গড়ে উঠল। জানি না কেন, ওঁরা ভীষণ স্নেহ করতেন আমাকে। বাবা-মাকে ছেড়ে এসে মনটা খারাপ থাকলেও ওঁদের স্নেহ, ভালোবাসা এবং সারল্যে আমি মুগ্ধ হয়ে গিয়েছি। সেই সময় মনে হতো, এঁরাই আমার সব। টলিউডের কিছু বাংলা

সিনেমা হয়তো গ্রাম বাংলার এইরকম মানুষজনকে মাথায় নিয়েই বানানো হয়। তেহট্ট ও পলাশী যেন একটা ঘুমের মতো কেটে গেছে আমার জীবনে। তেহট্ট ও পলাশীর প্রাকৃতিক সৌন্দর্য আমায় অপ্রীতিকর জিনিসকে অবজ্ঞা করতে শিখিয়েছে। যদিও প্রতিবাদ মিছিল কম ছিল না রাস্তাঘাটে।

এবার স্বামীর চাকরির সূত্রে পাড়ি দিলাম গুজরাটের আনন্দ শহরে। প্রথমদিকে ভীষণ কষ্ট হচ্ছিল প্রবাসের ভাষা, খাওয়া-দাওয়া এবং সাংস্কৃতিক কিছু পরিবর্তনের কারণে। আমার স্বামী যেহেতু ‘আমুল’ কোম্পানীতে কাজ করতেন, আমি রেসিডেন্সিয়াল কটেজে থাকতাম, তাই ভিন্ন সংস্কৃতির কিছু বন্ধু পেয়ে গিয়েছিলাম। ধীরে ধীরে সেখানকার সমাজ সম্পর্কে অবগত হতে শুরু করলাম। সেখানকার লোকজনের সদাহাস্য মুখ - অপরিচিত লোকজনের সাথে দেখা হলেও এদের একটি বৈশিষ্ট্য হলো হাসি। প্রথমে খুব অবাক করত আমাকে, তবে পরে এই হাসির জন্যই হয়তো আমিও তাদের সাথে অনেকটাই একাত্ম হতে পেরেছি। আরও পরিচিতি বাড়ল। তাদের নানান অনুষ্ঠানে আমিও অংশ নিতে শুরু করলাম। মানুষজনকে দেখে মনে হত যেন নিজেদের নিয়ে খুবই সন্তুষ্ট এবং সেই সন্তুষ্টির বহিঃপ্রকাশ হয়তো প্রতিদিনের নিয়মানুবর্তিতায় ধরা

দেয়। গুজরাটে কখনও মিছিল বা প্রতিবাদ ধর্নার চিত্র দেখিনি। গুজরাট আমাকে নিঃশব্দে নিয়মানুবর্তিতা শিখিয়েছে। এরপর আমি মা হলাম। দুজন থেকে তিনজন হলাম আমরা। ধীরে ধীরে ছেলে বড় হতে লাগল। সেখানকার ভাষাও শিখে গেলাম একটু একটু করে। তখন গুজরাটকে নিজের জায়গা থেকে কিছু কম মনে হতো না, আমার প্রচুর বন্ধু ও পরিচিতি হল। সেখানেও পেলাম দুর্গাপুজো।

এবার স্বামীর চাকরি সূত্রে মুম্বাইয়ে পাড়ি দিলাম, নতুন একটা শহর। নাম শুনেছি অনেক, এখানে এসে প্রথম থেকেই ভাল লাগতে শুরু করেছে আমার। এখানকার আইন ও শৃঙ্খলা খুবই ভাল। এছাড়া এখানে ভিন্ন ভাষাভাষীর মানুষ থাকলেও লোকজন একে অপরের কথা খুবই গুরুত্ব সহকারে শোনে এবং বিপদে পড়লে সাহায্যের হাত বাড়িয়ে দেয়। এই শহরটি ভাল লাগার অন্যতম একটি কারণ বোধহয় বৃষ্টি। আমি বৃষ্টি ভীষণ ভালবাসি। আমার ছেলেবেলার সাথে বৃষ্টির অনেক স্মৃতি জড়ানো আছে। বৃষ্টি দেখে বড় হওয়া আমি, প্রথমবার মুম্বাইয়ে এসে প্রচুর বৃষ্টি পেয়েছি, সেই কারণেই বোধহয় আরও ভাল লাগতে শুরু হলো। ধীরে ধীরে বর্ষা পেরিয়ে শরৎ এল। এরপর আবার আমাদের শ্রেষ্ঠ উৎসব দুর্গাপুজো, এরই সন্ধানে বেরিয়ে

পড়লাম দেবী দর্শনের জন্য। কোন এক অষ্টমীর সকালে রাস্তায় যেতে যেতে চোখে পড়ল একটি সুন্দর পূজা মণ্ডপ "ঐকতান"। অষ্টমীর সকালে মায়ের দর্শন করতে ভেতরে ঢুকতেই পেলাম একটি সুসজ্জিত মায়ের মূর্তি। অষ্টমীর সকালে কী সুন্দর লাগছিল ভেতরের সেই নির্মল, স্নিগ্ধ, শান্ত, ঘরোয়া পুজোর পরিবেশ। আমাকে একাত্ম করেছিল। তারপর ঐকতান এর সদস্য হওয়া এবং বিভিন্ন অনুষ্ঠানে অংশগ্রহণ করা। দেখতে দেখতে একটি বছর পেরিয়ে গেল। গত বছর বাড়িতে যাবার টানটাও আর তেমন অনুভব করিনি। অনুভূতিগুলো একটি নতুন পরিবেশে নিজেকে তুলে ধরতে চাইলো এবং সেই পরিবেশে নিজেকে খুঁজতে খুঁজতে আবার বহু বছর পর গান গাইতে ইচ্ছে হলো। একটি নতুন অবলম্বন সৃষ্টি হলো আমার। মুম্বাইয়ে আমি যখন

প্রথমবার এলাম, তখন এখানকার ভাবমূর্তি আমার কাছে বাণিজ্য নগরী হিসেবেই ছিল। ভেবেছিলাম মানুষজন লেনদেনমূলক হবে, কিন্তু অনুভব করলাম মানুষজনের মানবিকতা। হয়তো এই বাণিজ্য নগরীর সাফল্যের পেছনে এটিই একটি মূল কারণ।

ইচ্ছে ডানা

পত্রালী চৌধুরী

ছোট থেকে এত বড় হলাম কখনও এরকম অনুভূতি হয়নি। এক একটা বছর পেরিয়েছে একটা মাপকাঠি পেরিয়েছি শুধু। মানসিক উথালপাথাল হয় নি আগে। এখন আমি মাঝবয়সী। হ্যাঁ, এখন আমার অনুভূতি একদমই অন্য রকম, যা আগে কখনও হয়নি - যেন একটা হারানোর ভয়।

এই বুঝি মাথায় বেশ কয়েকটা চিক চিক করে উঁকি দিচ্ছে রূপোলি চুলের রেখা। সেটা লুকোনোর আপ্রাণ চেষ্টা। কালো রঙ করে নিজেকেই নিজের কাছে লুকোনোর চেষ্টা। জানি এটাই স্বাভাবিক, তবুও যেন মেনে নিতে কষ্ট বা মেনে না নেওয়ার ইচ্ছা।

আবার শপিং মল ঘুরতে ঘুরতে কোনও স্টাইলিশ জামা পছন্দ হলে আয়নার সামনে পরে দাঁড়ালে নিজেরই বেশ ভালো লাগে, তখনই আয়নার পেছন থেকে কেউ যেন বলে ওঠে, "এটা কি তোমায় মানাবে? তোমার না উনিশ বছরের একটা মেয়ে আছে, এখন তো ওদের এসব পরার কথা" তখনই আমার মনের বাসনাকে মনের মধ্যেই চেপে রেখে

মন উদাস করে বাস্কেটেই জামা ফেলে রেখে বেরিয়ে আসতে হয়। ঐ বাস্কেটেই মনেরভাললাগা পড়ে থাকল।

কত কিছুই এখন ইচ্ছে করে, বার বার মনে হয়, আর তো সময় নেই, খুব তাড়াহুড়ো করতে হবে - ঐ বোধহয় সময় শেষ হয়ে যাচ্ছে, অনেক কিছু করার ছিল, অনেক বাকি রয়ে গেল। কখনও মনে হয়, এখনই তো উপভোগ করার সময়, ছেলে মেয়ে বড় হয়ে গেছে, এখন আমি মুক্ত বিহঙ্গ। এখনই তো আমার ডানা মেলে ওড়ার কথা......যেই না উড়তে যাই হাঁটু দুটো এক টান মেরে জানান দেয়, বয়স বাড়ছে - "তুমি না মাঝবয়সী, এখনও এত ওড়ার সখ কেন?" কি মুশকিল! এই মন আর শরীর, দুটো মিল খায় না কেন মাঝবয়সে!?

একদিন মেয়ে আর আমি ফুচকা খেতে বেরিয়েছি। রাস্তায় এক সুদর্শন ব্যক্তির সাথে দু একবার চোখাচোখি হল। মন্দ লাগছিল না। মনে মনে ভাবলাম যাক, আমি এখনও অচল পয়সা হয়ে যাইনি, আমার দিক থেকে এখনও তাহলে চোখ ফেরানো যায় না। কিছুক্ষনের জন্য ব্যপারটা বেশ উপভোগ করছিলাম। হঠাৎই "মা---" মেয়ের এই ডাকে সম্বিত ফিরে এল, 'আরে! এখন আমি কেন?

এগুলো তো এখন মেয়ের করার কথা'... এরকম কত কিছুর সাথেই যে মনের যুদ্ধ লেগে যাচ্ছে বার বার।

যাই হোক, এটাই বোধহয় মাঝবয়সীর উথালপাথাল পরিস্থিতি। কিছুটা হারানোর ভয়, আর কিছুটা বাস্তবকে মেনে নেওয়ার দ্বন্দ্ব। বয়স বাড়ুক শুধু সংখ্যায় আর আমার মনকে না হয় ইচ্ছেডানা মেলে উড়তে দিলাম স্বপ্নের আকাশে...

এই আকাশে আমার মুক্তি

সোমাশ্রী চ্যাটার্জ্জী

স্বর্গের নামে আমার গা গুলিয়ে ওঠে। নিশ্চয়ই দমবন্ধ সুখ আর একঘেয়ে অনায়াসে ঠাসা একটা অসহায়তার নামই স্বর্গ হবে! স্বর্গে জনপথ, রাজপথ, সরণি, এভিনিউ, স্ট্রিট, রোড, বাইলেন, হাইরোড, এক্সপ্রেসওয়ে, গলি, কানাগলি, আলপথ, রেলপথ, পাকদণ্ডী - কিচ্ছু নেই। পাশাপাশি হাঁটা নেই, সাইকেল হেলিয়ে রাখা নেই, ট্রামলাইন নেই, রোগা নদীর সোঁতা নেই কোথাও। হাঁটা শুরুর আনন্দ আর দুঃখটুকু না থাকার নাম স্বর্গ হতে পারে না কিছুতেই। পথের শেষে এসে কি ভাবে বলব "আবার কবে দেখা হবে?".. স্বর্গে মেঘ করে না, বৃষ্টি নেই, শহরে বৃষ্টিতে একসাথে হাঁটার ওয়াদা নেই, সবচেয়ে বড় কথা স্বর্গে দূরে কোথাও না- হওয়া বৃষ্টির ঠান্ডা বাতাস নেই। তা এইসব না থাকার কারণে ফিলহাল আমার জানা হয়েছে, ঈশ্বরের কোনো প্রেমিকা নেই।

যেভাবে ঈশ্বর চেতনা এবং প্রেম একে অপরকে স্পর্শ করেছে রবীন্দ্রনাথের রচনায় বারংবার, তেমনি জীবনের নানা পর্যায় হাতড়ে দেখেছি যেখানেই

প্রেমের প্রকাশ, প্রেমের উপলব্ধি, সেখানেই প্রকট মনের প্রসারতা, চেতনা, ক্ষমা এবং সবশেষে মুক্তি। এই মুক্তি আর স্বর্গ এমনই এক অনন্তের হাতছানি, এ এমনিই অনায়াস, যে সমস্ত প্রতিকূলতাকে জয় করে সব ছিন্ন করে পাড়ি দিতে চায়। তবে সে মোহ আমায় স্পর্শ করে না কোনদিনই।

আমায় ছুঁয়ে যায় হেলানো সাইকেল, অপেক্ষার প্রহর, ভোরের কোলকাতা, চায়ের দোকানে প্রথম আগুন, গঙ্গার ঘাটে সূর্যাস্ত আর সেই আলোর ছটায় জেগে ওঠা আমার উত্তর কোলকাতার হলদেটে বাড়ি, মায়ের তেল, ঘাম, সিঁদুর লেপা উজ্জ্বল মুখ, নোয়ার আগায় আটকে থাকা সেফটিপিন, পাঁচিলে নিশ্চিন্তে শুকোতে থাকা গামছা.. এই তো স্বর্গ আমার.. এই তো আমার মুক্তি..

নবমী, 1st October, 2025

কুমারী পুজো

রূপসী বাংলা - fashion show on weaves of Bengal

নবমী, 1st October, 2025

নাটক

- ' ভাড়াটে বিভ্রাট '

Studio MMP presents

" The Rhythm Rave"

বাংলার হেঁসেল থেকে

Best compliments from TCPL

TATA CONSUMER PRODUCTS

With best compliments from

ABSOLUTE®
SOFT SYSTEM PVT. LTD.

With best compliments from

WBC JBL PHARMA

With best compliments from

WBC POPI ENTERPRISE

রুই কমলা

শর্মিলা ব্যানার্জী

উপকরণ :

রুই মাছ - ৪ পিস

পেঁয়াজ - ২ টি মাঝারি (ছোট কুচি করে কাটা)

আদা রসুন বাটা - ১ টেবিল চামচ

টমেটো - ১টি মাঝারি (বাটা)

কমলালেবুর রস - ১কাপ

গরমমশলা - আন্দাজমত

ধনে গুঁড়ো - ২ চা চামচ

জিরা গুঁড়ো - ১ চা চামচ

লঙ্কার গুঁড়ো - ১ টেবিল চামচ

হলুদ গুঁড়ো - ১ টেবিল চামচ

লবণ - স্বাদমতন

চিনি - ১ চা চামচ

প্রণালী :

রুই মাছগুলো ভাল করে ধুয়ে নুন হলুদ মাখিয়ে ভেজে নিতে হবে।এবার কড়াইতে তেল দিয়ে গোটা গরম মশলা ফোড়ন দিয়ে পেঁয়াজটা ভাল করে ভেজে নিতে হবে। তারপর টমেটো বাটা ও আদা রসুন বাটা দিয়ে ভাল করে ভেজে নিতে হবে। সব গুঁড়ো মশলা, নুন, চিনি দিয়ে ভাল করে কষিয়ে কমলালেবুর রস দিয়ে আরও একটু কষিয়ে নিতে হবে। এবার মাছগুলো দিয়ে একটু ফোটাতে হবে। পরিবেশনের আগে টাটকা কমলালেবুর রস ও কমলালেবুর টুকরো দিতে হবে।

গরম ভাতের সঙ্গে রুই কমলা আপনার অতিথির মন ছুঁয়ে যাবে।

মুড়ি ঘন্ট

দেবশ্রী মালাকার

দেখতে দেখতে পুজো শেষ। এবার শুধু পুজোর পর আড্ডার পালা। বিদায় বেলায় আজ এসেছি একটা সাবেকি রান্না নিয়ে। যে কোনো অনুষ্ঠানে এই রান্নার জুড়ি মেলা ভার। মুড়ি ঘন্ট তাই আজ আমার হেঁসেল থেকে অর্ঘ্য-র পাতায়।

মুড়ি ঘন্ট একটি ক্লাসিক বাঙালি খাবার। চাল এবং মাছের মাথা (সাধারণত রুই বা কাতলা মাছের মাথা) দিয়ে তৈরি একটি বিশেষ ধরণের "ঘন্ট"। "মুড়ি" অর্থ মাথা, এবং "ঘন্ট" বলতে এমন একটি খাবারকে বোঝায় যার গঠন নরম। এটি মাছের মাথা, চাল এবং আলুর টুকরোর একটি দুর্দান্ত মিশ্রণ, কখনও কখনও “মুড়ো ঘন্ট”ও বলা হয়। আমরা সাধারণত এটি ভাতের সাথে উপভোগ করি।

উপকরণ :

- **মাছের মাথা**
- **গোবিন্দভোগ চাল**
- **আলু**
- **পেঁয়াজ**
- **টমেটো**
- **আদা বাটা**
- **রসুন বাটা**
- **তেজপাতা**
- **গোটা জিরা**

- শুকনো লঙ্কা
- হলুদ গুঁড়ো
- বাংলা গরম মশলা গুঁড়ো
- জিরা গুঁড়ো
- লঙ্কার গুঁড়ো
- সরিষার তেল
- লবণ

প্রণালী:

* মাছের মাথা ভাল করে ধুয়ে হলুদ গুঁড়ো, নুন এবং লঙ্কার গুঁড়ো মাখিয়ে রাখতে হবে।

* এরপর গোবিন্দ ভোগ চাল ধুয়ে ১৫ মিনিট ভিজিয়ে রাখতে হবে।

* এবার মাছের মাথা সরিষার তেলে সোনালি বাদামী হওয়া পর্যন্ত ভাজতে হবে।

* আলু চৌকা করে কেটে অল্প নুন, হলুদ গুঁড়ো এবং লঙ্কার গুঁড়ো দিয়ে কড়াই এর বাকি তেলে আংশিক ভাজতে হবে।

* এবার ফোড়ন এর পালা। গরম তেলে শুকনো লঙ্কা, তেজপাতা আর জিরা দিয়ে অল্প নাড়াচাড়া করে কাঁচা পেঁয়াজ দিয়ে দিতে হবে।

* এরপর পেঁয়াজ নরম হলে কুচি করে কাটা টমেটো, আদা বাটা এবং রসুন বাটা দিতে হবে।

*এবার জিরা গুঁড়ো, হলুদ গুঁড়ো আর পরিমান মতো নুন দিয়ে ভাল করে কষাতে হবে।

* এরপর চাল দিয়ে স্বচ্ছ না হওয়া পর্যন্ত ভাজতে হবে।

* ভাজা হলে আলু ও পরিমান মতো জল যোগ করতে হবে এবং আলু ও চাল উভয়ই ভালোভাবে সিদ্ধ না হওয়া পর্যন্ত রান্না করতে হবে।

* মশলার স্বাদ দেখে নিয়ে ভেজে রাখা মাছের মাথাটি ভেঙে ভেঙে দিয়ে দিতে হবে।

* ভালো করে মিশিয়ে নিয়ে অল্প জল দিয়ে কিছুক্ষণ ঢাকা দিযে রেখে দিতে হবে।

* নামানোর আগে গরম মশলা গুঁড়ো আর ঘি দিয়ে নামাতে হবে।

একটি নিখুঁত বাঙালি খাবার উপভোগ করতে গরম ভাতের সঙ্গে গরম মুড়ি ঘন্ট - এর জুড়ি মেলা ভার।

বিজয়া দশমী, 2nd October, 2025

দর্পন বিসর্জন

ধুনুচি নাচ

মায়ের বরণ ও সিঁদুর খেলা

Social Work

initiative of Oikyotan Club

Members of the Club visited
Access Life -Supporting Cancer Bravehearts-
Borivili Center
On 15th September 2025

Oikyotan Club
on Saptami, 29th September 2025
handed over a cheque of Rs 24000/- to
St Catherines Orphanage , Bandra, Mumbai
sponsoring the education of
two children for one year

"প্রভাত বীণা তব বাজে হে
উদার অম্বর মাঝে হে।।
তুষার কান্তি তব প্রশান্তি
শুভ্র আলোকে রাজে হে।।
তব আনন্দিত গভীর বাণী
শোনে ত্রিভুবন যুক্ত পাণি
মন্ত্রমুগ্ধ ভাব গঙ্গা নিস্তরঙ্গা লাজে হে।"

'God's Help Is Only A Prayer Away'

Our prayer is our strength
in all our humble endeavour.

Oikyotan family

" ঐকতান-এর পুজো - আমার পুজো, সবার পুজো"

Designed by Digital Diaries